# এপ্রিল/২০১৮ মাসের দিনাজপুর সদর, উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

সভার তারিখ ঃ ১৯/০৪/২০১৮ খ্রিঃ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভায় প্রতি মাসের ১৯ তারিখে সকাল ১১.০০ মিনিটে এনজিও বিষয়ক সমন্বয় সভার বৈঠক হবে মর্মে আলোচনা হয়। গত মাসের প্রতিবেদন পরর্বতী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

## নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের এপ্রিল/১৮ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| সনাক | (১) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে শিক্ষা প্রাতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ, এসএমসিকে আরও কার্যকরকরণসহ অভিভাবক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পূর্ব রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিশেষ বিশেষ মায়েদের নিয়ে গঠিত একটিভ মাদারস ফোরাম এর সাথে এক মত বিনিময় সভা ২৩ এপ্রিল, ২০১৮ বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকায় অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| | (২) স্বাস্থ্য কার্যক্রম | জনগণের সঠিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দিনাজপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সেবা সম্পর্কিত তথ্যপত্র বিতরণ বিষয়ক ক্যাম্পেইন ৪ এপ্রিল, ২০১৮ হাসপাতাল চত্বরে অনুষ্ঠিত হয়। এছাড়া স্বাস্থ্য সেবার মানোন্নয়নের লক্ষ্যে বিভিন্ন সময়ে হাসপাতালের সেবা গ্রহীতাদের বিভিন্ন অভিযোগ তুলে ধরে তা সমাধানের উদ্দেশ্যে ১২ এপ্রিল, ২০১৮ সনাকে'র সাথের হাসপাতাল কর্তৃপক্ষের একর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। | | |
| সিডিএ | ❖ কৃষি ও পরিবেশ এবং অন্যান্য কার্যক্রম | বিবেচ্য মাসে সামিতির সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয় ১৬৫টি, জনসংগঠনের সাধারন পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১৪টি, জনসংগঠনের নির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত হয় ১৮টি, ত্রৈমাসিক জনসংগঠনের ইউনিয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়- ০৫ টি।জনসংগঠন প্রকল্প গ্রহণ করা হয়েছে ৪টি, সিডিএ এবং জনসংগঠন দিবস উদযাপন করা হয়েছে- ০১টি। বিবেচ্য মাসে আইন সহায়তা প্রদান করা হয়েছে - ০২টি এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে - ০২ টি। | দিনাজপুর সদর। | |
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ১৪৫ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৪৫ জনকে। | দিনাজপুর সদর উপজেলা। | |
| | (২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে ৯৮ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| নুরমিশন বাংলাদেশ | | অর্থ বরাদ্দ বিলম্ব হওয়ায় কার্যক্রম শুরু করা হয়নি। | - | - |
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৫০টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া দুটি ইউনিয়নে জেন্ডার ওয়ার্চগ্রুপ সভা করা হয়। | দিনাজপুর সদর। | |
| সিডিডি | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ৬১ জন প্রতিবন্ধী ব্যক্তির আয় বৃদ্ধিমূলক কাজ ফলোআপ করা হয়েছে। | দিনাজপুর পৌরসভা. ও দিনাজপুর সদর উপজেলা। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩৫ নতুন ভর্তীকৃত প্রতিবন্ধী শিশুর শিক্ষা কার্যক্রম ফলোআপ করা হয়। | | |
| | (৩) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | বিবেচ্য মাসে আদিবাসী সহ ০৩ জন প্রতিবন্ধী শিশু ও নারীর ধর্ষনের ন্যায় বিচার প্রাপ্তির জন্য নারী ও শিশু নির্যাতন কোর্টে মামলার ফলোআপ করা হয়। | | |
| | (৪) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ০৪ জন প্রতিবন্ধী শিশুকে প্রাইমারী রিহ্যাবিলিটেশন থেরাপি প্রদান করা হয়েছে। | | |
| | (৫) নৃত্তাত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন | বিবেচ্য মাসে আদিবাসী প্রতিবন্ধী উন্নয়ন সংগঠনের মিটিং এর মাধ্যমে তাদের স্বাস্থ্য সচেতনতা ও আয়বৃদ্ধিমূলক কাজে সম্পৃক্ত হওয়ার জন্য আলোচনা করা হয়। | | |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ১০৩০ জন কে ৪,০২,৪০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৭৫ জনকে ২০,৪০,০০০/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ২০ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ৫৮০ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয়। | | |
| | (৩) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৬৭ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৭ মাসব্যাপি উদযাপন করা হয়েছে। | | |
| | (৪) বনায়ন কার্যক্রম | বিবেচ্য মাসে ৯৫৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। | | |
| | (৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৮ইং অর্থবছরে ১২টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে। | | |
| | (৬) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তির করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৮ পালন করা হয়েছে। | | |
| | (৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২২৫ জনকে এবং ২০১৮ অর্থ বছরে ৪৯০০ জনকে সেবা প্রদান করা হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৮) কৃষি ও পরিবেশ<br><br><br><br>(৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা<br><br>(১০) প্রশিক্ষণ<br><br>(১১) নৃতাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন।<br><br>(১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ৫০০ কেজি, ২০১৮ অর্থ বছরে ২০০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে।<br>ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৮ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৮ পালন করেছে।<br><br>বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ৩০০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে।<br><br>ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস পালন করেছে। | | |
| ওয়াই.ডাব্লিউ সি.এ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) ঋণ কার্যক্রম | নার্সারী স্কুলে নতুন ছাত্র-ছাত্রী কুইজ পরীক্ষা সমাপ্তী হয়েছে, ১ম সাময়ীক পরীক্ষা গ্রহণের প্রস্তুতি চলছে।<br><br>বিবেচ্য মাসে ২১ জনকে ৩,০৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ২,৪৬,৭৪৪/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br><br><br><br>(২) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৪) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৫) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ৮৫জনকে ২৪,৬৪,০০০/- টাকা ঋণ দেয়া হয়। ঋণ আদায় করা হয় ২২,০২,৭০৯/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ২,৪৬,০৬৯/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ১,২৬,০২৬/- টাকা।<br><br>১নং চেহেলগাজী ইউনিয়নের বড়ইল গ্রামে রোকেয়ার বাড়িতে ৩০ জন ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক-প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে উঠান বৈঠকে সদস্যদের স্যানিটেশনে উদ্বদ্ধ করা হয়।<br><br>১ নং চেহেলগাজী ও ৪নং শেখপুরা ইউনিয়নে নারীর অধিকার আদায়, নারী শিক্ষা, বাল্যবিবাহ, যৌতুক, তালাক, বিরোধ নিষ্পত্তি ইত্যাদি বিষয়ে দলিও সদস্যদের উদ্বুদ্ধ করা হয়।<br><br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে বোরো ধান লাইনে রোপন ও মাটি পরিক্ষা করে পরিমিত রসায়নিক সার ও জৈব সার বোরো জমিতে প্রয়োগের পরামর্শ প্রদান করা হয়। | পৌরসভা<br>১নং ইউপি<br>৪নং ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| অনন্যা সংস্থা | ❖ প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয় এবং ০২ জনকে চিকিৎসার জন্য রেফার করা হয় ও ২ টি সচেতনতা সভা করা হয়। | দিনাজপুর সদর | |

| | | | | |
|---|---|---|---|---|
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৭,০০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,০০,০০০/- টাকা।<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৫৭টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৭১০জন। ৪৫ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) পুষ্টিকর খাবার প্রদান<br><br>(৩) অভিভাবক সমাবেশ | ১৯৬ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৬ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়।<br>১৯৬জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br><br>বিবেচ্য মাসে ১৯৬ শিশুর অভিভাবকদের নিয়ে মিটিং করা হয়। এবারের বিষয় ছিল পারস্পরিক সম্মান ও ভালবাসা। | দিনাজপুর সদর। | |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| ওয়ার্ল্ড ভিশন | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৩) কৃষি ও প্রাণি সম্পদ | বিবেচ্য মাসে পুষ্টি কর্মসূচি, গবেষণা, জরিপ, প্রশিক্ষণ, কনফারেন্স ও সেমিনার ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হয়।<br><br>প্রযুক্তি ও কারিগরি বৃত্তিমূলক শিক্ষা সংক্রান্ত চলতি মাসে ৩টি কার্যক্রম পরিচালনা করা হয়।<br><br>বিবেচ্য মাসে হাঁস-মুরগি ও গবাদি পশু উন্নয়নমূলক বিভিন্নমুখী কার্যক্রম গ্রহণ করা হয়। | দিনাজপুর পৌরসভা ১ নং ইউপি, ৬ নং ইউপি, ৪ নং ইউপি | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>২। পুষ্টিকর খাবার প্রদান<br><br>৩। অভিভাবক সমাবেশ | ১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। এছাড়া প্রকল্পের ৪জন শিক্ষকের মাধ্যমে কেজি থেকে ৫ম শ্রেণী পর্যন্ত শিক্ষা প্রদান করা হচ্ছে।<br><br>১৬৫ জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br><br>১৯/৩/২০১৮ ইং তারিখে শিশুর অভিভাবকদের নিয়ে মিটিং করা হয়। এবারের বিষয় ছিল বজ্রপাত কি? ও বজ্রপাতের সময় করনীয় কি? | দিনাজপুর সদর। | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম | বিবেচ্য মাসে ৮,৫০৩,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৫,৫৯৯,৫২৩৮/- টাকা ঋণ আদায় করা হয়।<br><br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে ১২০ জন সদস্যদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং ৮০ জন যুব সদস্য বাল্য বিবাহে জড়িত না হওয়ার অঙ্গিকার করছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৩) সভা কার্যক্রম | সিএসও সমূহের নিয়মিত মাসিক সমন্বয় সভায় সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিষয় সমূহ আলোচনা করায় নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠি সঠিক ধারনা লাভ করছে। | | |
| দি লেপ্রসি মিশন ইন্টারনেশনাল | (১) স্যানিটেশন কার্যক্রম<br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধির কার্যক্রম চলমান রাখা হয়েছে।<br>➢ কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালী করণ কার্যক্রম চলমান রয়েছে। মোট ২৪ টি দল চলমান রয়েছে। সদস্য সংখ্যা ২৫৭ জন।<br>➢ চলতি মাসে ২১জন সদস্যকে অধিপরামর্শ, তদবির ও আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>➢ চলতি মাসে ২০ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০১ জন কুষ্ঠরোগী সনাক্ত করা হয়।<br>➢ কুষ্ঠ প্রতিবন্ধীদের স্বযত্ন ও ঘা এর যত্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | | |
| এমবিএসকে | (১) ঋণ কার্যক্রম<br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br>(৪) স্যানিটেশন কার্যক্রম<br>(৩) প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | বিবেচ্য মাসে আয় বর্ধনমূলক খাতে ১২.১৭ কোটি টাকা, জীবনযাত্রার মানোন্নয়ন খাতে ৪৮.৭৭ কোটি টাকা ও সম্পদ সৃষ্টি খাতে ১.০৭ কোটি টাকা সর্বমোট- ১৩.৬৬ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ৬৬৪২টি খানার মধ্যে ২৮০০০ জন উপকারভোগী রয়েছে। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে ০২জন এমবিবিএস ডাক্তার, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ১৪ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে প্রতিনিয়নত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষাকার মাধ্যমে মোট ১১৩৫ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>৫নং শশরা ইউনিয়নে এ পর্যন্ত ৬১টি নলকুপ ও ৫৮টি ল্যাট্রিন বিভিন্ন প্রতিষ্টানে প্রদানকরাসহ ১৭১টি পরিবারকে বিনা মূল্যে একটি করে স্যানিটারী ল্যাট্রিন প্রদান করা হয়।<br>প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় চলতি মাসে ৭৯ জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীন ব্যক্তিকে ৫৫০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৩৮০০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়। | দিনাজপুর সদর ও ৫ নং শশরা ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (১) অন্যান্য/বিবিধ | | | |
| | (১৬) যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | পল্লী বন্ধু, এসইউপিকে, প্রত্যাশা, অরবিন্দু, উত্তরণ, এমএনডিএফ, এসএমএনবি ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। প্রতি মাসের ১৯ তারিখে সকাল ১১.০০ মিনিটে এনজি ও বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত হয় এবং সকল সংস্থাকে অবহিত করার জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।

৪। পিএসটিসি সংস্থা আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৫। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

## পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী ( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনজাপুর সদর, দিনজপুর ”

২। জনাব মোঃ মহসিন আলী, জেলা ব্রাক প্রতিনিধি দিনাজপুর। ”

৩। জনাব আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক, রামনগর, দিনাজপুর। ”

৪। জনাব সন্তোষ কুমার মজুমদার, প্রকল্প সমন্বয়কারী, অন্বেষন, বাসুনিয়াপট্টি, সদর, দিনাজপুর। ”

৫। জনাব মোঃ রাশেদুল ইসলাম, জেলা এসকেএস প্রতিনিধি, এসকেএস সংস্থা, উপশহর, দিনাজপুর। ”

৬। জনাব মোঃ তোফাজ্জল হোসেন, ট্রেনিং ইনচার্জ, এমবিএসকে, বালুবাড়ী, দিনাজপুর। ”

৭। জনাব মোঃ মবিনুল ইসলাম বাবু, ফিন্যান্স এন্ড এডমিন অফিসার, ব্লাস্ট, ঈদগাহবস্তি, দিনাজপুর ”

৮। জনাব রাবেয়া খাতুন, হিসাব রক্ষক, অনন্যা সংস্থা, ঈদগাহবস্তি, দিনাজপুর। ”

৯। জনাব মোঃ মশিউর রহমান, শাখা ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ, দিনাজপুর শাখা। ”

১০। জনাব রতন মার্ডী, শিক্ষক, মশীহপাড়া সি.ডি.এ কম্প্যাশন ”

১১। জনাব এম.এ. ছালাম, ম্যানেজার, টিএমএসএস, উপশহর-০১, দিনাজপুর। ”

১২। জনাব সৈয়দা নুরে নাবিলা তাবাস্সুম, জেলা সমন্বয়কারী, পি.এস.টি.সি, বালুবাড়ী, দিনাজপুর। ”

১৩। জনাব শাহানাজ পারভীন, ফিল্ড সুপারভাইজার, পি.এস.টি.সি, বালুবাড়ী, দিনাজপুর। ”

১৪। জনাব মোঃ আফছার আলী, নির্বাহী পরিচালক, এস.আই.ডি.পি সংস্থা, খানপুর, সদর, দিনাজপুর। ”

১৫। জনাব মিখুয়েল হেম্ব্রম, হিসাব রক্ষক, নুরমিশন বাংলাদেশ, পঃ শিবরামপুর, সদর, দিনাজপুর। ”

১৬। জনাব মোঃ দুলাল হোসেন, সাব এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, দিনাজপুর।”

১৭। জনাব মোঃ নুরুজ্জামান হক, ব্রাঞ্চ ম্যানেজার, নিরা সংস্থা, মির্জাপুর, সদর, দিনাজপুর। ”

১৮। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যান পরিষদ-এমকেপি, বালুবাড়ী, দিনাজপুর। ”

১৯। জনাব সেবাষ্টিয়ান হেম্ব্রম, লিগ্যাল প্রমোটার, এনডিএফ, ডাংগা পাড়া, সদর, দিনাজপুর। ”

২০। জনাব মোঃ আলাউদ্দীন, মাঠ কর্মকর্তা, কারিতাস বাংলাদেশ, দিনাজপুর। ”

২১। জনাব স্বপ্না সুবর্ণা তপ্প, জেনারেল সেক্রেটারি, ওয়াইডাব্লিউসিএ, বড়পুল, পুলহাট, দিনাজপুর। ”

২২। জনাব পুলিন চন্দ্র রায়, প্রোগ্রাম সমন্বয়কারী, নিরাপদ বাংলাদেশ সংস্থা, সুন্দরবন, সদর, দিনাজপুর। ”

২৩। জনাব শৈলেন চন্দ্র রায়, প্রজেক্ট সুপারভাইজার, সিডিএ, বালুবাড়ী, সদর, দিনাজপুর। ”

২৪। জনাব মোঃ দবিরুল ইসলাম, প্রিন্সিপাল, বিএসডিএ, ঈদগাহ আবাসিক এলাকা, দিনাজপুর। ”

২৫। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, শাখা ব্যবস্থাপক, সি.ডি.এ, দিনাজপুর। ”

২৬। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, বড়বন্দর, দিনাজপুর। ”

২৭। জনাব আয়েশা বেগম, নির্বাহী পরিচালক, নারীর জন্য নারী সংস্থা, ইসলামবাগ, সদর, দিনাজপুর। ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৮.— ৯৭৮ (৬) তারিখঃ ৭৫মে, ২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব..................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর